Website: www.bb.org.bd

**সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট**
**বাংলাদেশ ব্যাংক**
প্রধান কার্যালয়
ঢাকা

জুন ১৯, ২০১৭

এসএফডি সার্কুলার লেটার নং ঃ০২ /২০১৭ তারিখ ঃ --------------------

আষাঢ় ০৫, ১৪২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**করপোরেট সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের আওতায় পার্বত্য চট্টগ্রাম**
**এলাকার ভূমিধসে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীকে সহায়তা প্রদান প্রসঙ্গে।**

সম্প্রতি প্রবল বৃষ্টিপাতে বাংলাদেশের পার্বত্য চট্টগ্রাম এলাকায় ভূমিধসে ভয়াবহ বিপর্যয় সৃষ্টি হয়েছে এবং শতাধিক প্রাণহানির ঘটনা ঘটেছে। এতে উক্ত এলাকায় মানবিক বিপর্যয় মারাত্মক রূপ ধারণ করেছে এবং বহু মানুষ আশ্রয়হীন হয়ে পড়েছে। এ অবস্থায়, করপোরেট সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের আওতায় সাম্প্রতিক প্রবল বৃষ্টিপাতের ফলে সৃষ্ট ভূমিধসে ক্ষতিগ্রস্ত পার্বত্য চট্টগ্রাম এলাকার অসহায় জনগোষ্ঠীর মাঝে অবিলম্বে প্রয়োজনীয় আর্থিক ও ত্রাণসহায়তা [খাদ্য, বস্ত্র, বিশুদ্ধ পানি, জরুরী ঔষধ প্রভৃতি] প্রদানের জন্য আপনাদের অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য, এ সংক্রান্ত ব্যয় ১০ জুন, ২০১৫ তারিখের সার্কুলার লেটার নং-০৬ এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট এর 'Social Projects/Community Investment' খাতের প্রযোজ্য উপখাতে প্রদর্শন করার জন্যও আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মনোজ কুমার বিশ্বাস)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৩২০
ই-মেইল: manoj.biswas@bb.org.bd